বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।
প্রশাসন বিভাগ

নম্বর: ১৪.৩২.০০০০.৪০০.০৬.০০৩.১৯.১২৯

তারিখ: ১২ চৈত্র ১৪২৮
২৬ মার্চ ২০২২

## নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক সভার নোটিশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের "রূপকল্প ২০২১" এর লক্ষ্যকে সামনে রেখে একটি কৌশল-দলিল হিসাবে "সোনার বাংলা গড়ার প্রত্যয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল" প্রণয়ন করা হয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ি প্রতি ত্রৈমাসিকে নৈতিকতা কমিটির ০১ (এক) টি সভা করার বাধ্যবাধকতা রয়েছে। এ প্রেক্ষিতে, বিটিআরসি'র নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি - মার্চ, ২০২২) সভা কমিশনের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে নিম্ন বর্ণিত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে।

**সভার স্থান** - বিটিআরসি'র সভা কক্ষ (কক্ষ নং-৭০৬; কমিশন মিটিং রুম)।
**তারিখ** - ২৭ মার্চ ২০২১
**সময়** - ১০:০০ ঘটিকা।

০২। উক্ত সভায় নৈতিকতা কমিটির সকল সদস্যগণকে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৬-৩-২০২২
মোঃ আসাদুজ্জামান
উপ-পরিচালক
ফোন: +৮৮০ ২ ৯৬১১১১১
ফ্যাক্স: +৮৮০ ২ ৯৫৫৬৬৭৭

নম্বর: ১৪.৩২.০০০০.৪০০.০৬.০০৩.১৯.১২৯/১(১৯)

তারিখ: ১২ চৈত্র ১৪২৮
২৬ মার্চ ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:
১) মহাপরিচালক (সকল), বিটিআরসি (ইহা মহোদয়গণের সদয় অবগতির জন্য)।
২) বিটিআরসি'র নৈতিকতা কমিটির সকল সদস্য, বিটিআরসি।
৩) চেয়ারম্যান এর একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (ইহা চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৬-৩-২০২২
মোঃ আসাদুজ্জামান
উপ-পরিচালক

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।
প্রশাসন বিভাগ

নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি - মার্চ, ২০২২) সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | শ্যাম সুন্দর সিকদার<br>চেয়ারম্যান, বিটিআরসি |
| সভার তারিখ | ২৭ মার্চ ২০২২ |
| সভার সময় | সকাল ১০:০০ ঘটিকা |
| স্থান | বিটিআরসি'র সভা কক্ষ (কক্ষ নং-৭০৬) |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" |

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় কমিশনের নৈতিকতা কমিটির সদস্য এবং মহাপরিচালক (প্রশাসন) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০২১-২০২২ এর পটভুমি উল্লেখপূর্বক সভার আলোচ্য বিষয় উপস্থাপন করেন।

০২। পরবর্তীতে নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট জনাব মোঃ আসাদুজ্জামান, উপ-পরিচালক (প্রশাসন) কে সভার আলোচ্যসূচী অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ পাওয়ার পয়েন্টের মাধ্যমে ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

০৩। নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিকের সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়িত হয়েছে মর্মে নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট সভাকে অবহিত করেন। এ প্রেক্ষিতে সভাপতি মহোদয় সন্তোষ প্রকাশ করেন।

০৩। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা পরিবীক্ষণ কাঠামো ২০২১-২০২২ এর ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি - মার্চ, ২০২২) এর লক্ষ্যমাত্রাসমূহ সভায় ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়। মহাপরিচালক (প্রশাসন) ও নৈতিকতা কমিটির সদস্য সভায় অবহিত করেন যে, কর্ম-পরিকল্পনা অনুযায়ী বর্তমান ২০২১-২০২২ অর্থ-বছরের ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি - মার্চ, ২০২২) এর প্রায় সকল লক্ষ্যমাত্রাসমূহ বাস্তবায়িত হয়েছে। লক্ষ্যমাত্রাসমূহের মধ্যে শুধুমাত্র বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত লক্ষ্যমাত্রা ৬০% এর পরিবর্তে ২৪% বাস্তবায়িত হয়েছে।

০৪। কমিশনের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০২১-২০২২ অর্থ বছরের ৩য় ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন অগ্রগতির উপর উপস্থিত কর্মকর্তাগণ তাদের মতামত প্রদান করেন এবং বিষয়ভিত্তিক আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় বিষয়ভিত্তিক আলোচনা শেষে চেয়ারম্যান এবং নৈতিকতা কমিটির সভাপতি মহোদয় আগামী ত্রৈমাসিক (এপ্রিল-জুন ২০২২) এর লক্ষ্যমাত্রাসমূহ যথাযথভাবে বাস্তবায়ন/অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে এখন থেকেই কার্যক্রম গ্রহণের জন্য এবং শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রার বাইরেও কমিশনের কর্মচারীদের শুদ্ধাচার প্রশিক্ষণ চলমান রাখার নির্দেশনা প্রদান করেন।

**সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

(ক) কমিশনের ১১-২০ গ্রেডের কর্মচারীদের অফিস শৃঙ্খলা/দৈনন্দিন দাপ্তরিক কার্যক্রম বিষয়ক প্রশিক্ষণ প্রদান করতে হবে।

(খ) কমিশনের বিভাগসমূহ কর্তৃক নিজ নিজ বিভাগে শুদ্ধাচার সংক্রান্ত আলোচনা/মতবিনিময় সভা আয়োজন করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

শ্যাম সুন্দর সিকদার
চেয়ারম্যান, বিটিআরসি

স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৪০০.০৬.০০৩.১৯.১৪৯

তারিখ: ১৬ চৈত্র ১৪২৮
৩০ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক (সকল), বিটিআরসি।
২) বিটিআরসি'র নৈতিকতা কমিটির সকল সদস্য, বিটিআরসি।
৩) চেয়ারম্যান এর একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বিটিআরসি (ইহা চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

মোঃ আসাদুজ্জামান
উপ-পরিচালক

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।
প্রশাসন বিভাগ

**এপিএ টিমের ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি - মার্চ, ২০২২) সভার হাজিরা সীট**

তারিখ: ২২ মার্চ ২০২২      সময়: বিকাল ০৩:০০ ঘটিকা

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১) | মোঃ কামরুল ইসলাম<br>পরিচালক (প্রশাসন) | 22.3.2022 |
| ২) | মোঃ দেলোয়ার হোসেন<br>উপ-পরিচালক (অর্থ, হিসাব ও রাজস্ব) | 22/3/2022 |
| ৩) | মোঃ রাইসুল ইসলাম<br>উপ-পরিচালক (এলএল) | |
| ৪) | মোঃ আসাদুজ্জামান<br>উপ-পরিচালক (প্রশাসন) | 22/3/2022 |
| ৫) | কাজী মোঃ আহসানুল হাবীব মিথুন<br>উপ-পরিচালক (এসএম) | 22/03/2022 |
| ৬) | মাহদী আহমদ<br>উপ-পরিচালক (ইএন্ডও) | |
| ৭) | মোঃ আসফাক আহমেদ<br>উপ-পরিচালক (এসএস) | |
| ৮) | মোঃ জোবায়ের হোসেন<br>সহকারী পরিচালক (প্রশাসন) | 22/03/22 |
| ৯) | মোঃ রাতুল হাসান<br>উপ-সহকারী পরিচালক (প্রশাসন) | 22/03/2022 |
| ১০) | মো: সাজিদ জাহিদ<br>উপ পরিচালক | 22/03/2022 |
| ১১) | মো: মোশারফ হোসেন, পরিচালক<br>(ইএসএস) | 22/03/22 |
| ১২) | | |
| ১৩) | মো: মিরাজুল ইসলাম<br>উপপরিচালক | 22/03/22 |